“আল্লাহ তা‘আলা যে ব্যক্তিকে তার দুই চোয়ালের মধ্যস্থিত অঙ্গ (জিহ্বা) ও দু’পায়ের মাঝখানের অঙ্গ (লজ্জাস্থান) এর ক্ষতি থেকে মুক্ত রাখবেন, সে জান্নাতে প্রবেশ করবে।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আল্লাহ তা‘আলা যে ব্যক্তিকে তার দুই
চোয়ালের মধ্যস্থিত অঙ্গ (জিহ্বা) ও দু’পায়ের মাঝখানের অঙ্গ (লজ্জাস্থান)এর ক্ষতি
থেকে মুক্ত রাখবেন, সে জান্নাতে প্রবেশ করবে।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

যে ব্যক্তিকে আল্লাহ এমন কথা হতে রক্ষা করলেন যা বললে আল্লাহ ক্ষুব্ধ হন অনুরূপভাবে তাকে ব্যভিচার থেকেও রক্ষা করলেন সে নাজাত পেল এবং জান্নাতে প্রবেশ করল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3477